**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, স্ব-সহায়ক দলের মহিলাদের অবদানের ফলে রাজ্যের গ্রামীন অর্থনীতি শক্তিশালী হচ্ছে।**

**(২) রাজ্য নির্বাচন কমিশন এডিসি'র আসন্ন ভিলেজ কমিটির নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গাহর স্টোর বিভিন্ন ক্ষেত্রে দ্বি-পাক্ষিক সহযোগিতা আরো জোরদার করতে সম্মত হয়েছেন।**

**(৪) সারা রাজ্যে পেট্রোল, ডিজেল এবং এল.পি.জি-র মজুত ও সরবরাহ বর্তমানে সম্পূর্ণ স্বাভাবিক।**

****************************************

**CM-TRLM SHG :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, স্ব-সহায়ক দলের মহিলাদের অবদানের ফলে রাজ্যের গ্রামীন অর্থনীতি শক্তিশালী হচ্ছে এবং রাজ্যের আভ্যন্তরীণ গড় উৎপাদনও বৃদ্ধি পেয়েছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে গ্রামোন্নয়ন দপ্তর ও গ্রামীন জীবিকা মিশনের যৌথ উদ্যোগে আয়োজিত স্বসহায়ক গোষ্ঠীর মহিলাদের স্বনির্ভরতা অর্জনে সমৃদ্ধির দ্বিতীয় পর্বে কর্মসূচীর উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ২০২৫ সালের সেপ্টেম্বরে সমৃদ্ধির প্রথম পর্যায়ে স্ব-সহায়ক গোষ্ঠীর জন্য ঋণ প্রদানের লক্ষ্য মাত্রা ছিল ১০০ কোটি টাকা, সেই লক্ষ্যমাত্রা অতিক্রম করে ঋণ প্রদান করা হয় ১৮৮ কোটি ৪০ লক্ষ টাকা। সমৃদ্ধির প্রথম পর্যায়ের সাফল্যে উৎসাহিত হয়ে গ্রামীন জীবিকা মিশন-সমৃদ্ধির দ্বিতীয়

পর্যায়ে স্বনির্ভর গোষ্ঠীর জন্য ঋণ প্রদানের লক্ষ্যমাত্রা ১৫০ কোটি টাকা নির্ধারণ করে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে লাখপতি দিদির সংখ্যা ১ লক্ষ ৮ হাজারেরও বেশি হয়েছে। রাজ্য সরকার মহিলাদের স্বনির্ভরতায় কমিউনিটি রিভলভিং ফান্ডে ৮৩৭ কোটি ৩২ লক্ষ টাকা বরাদ্দ রেখেছে।

***************************

**VC Election-Polling Stations :**

রাজ্য নির্বাচন কমিশন এডিসি'র আসন্ন ভিলেজ কমিটির নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা আজ প্রকাশ করেছে। জনগণকে প্রদর্শনের জন্য ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা সংশ্লিষ্ট সমস্ত ব্লক কার্যালয়ের নোটিশ বোর্ডে দেওয়া আছে।

এদিকে, ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ উপলক্ষে আজ পেঁচারথল ব্লক কার্যালয়ে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রিটার্নিং অফিসার তথা পেঁচারথল ব্লকের BDO নবারুণ চক্রবর্তী।

***************************

**Yuva Sangam Phase VI :**

শিক্ষা মন্ত্রক 'এক ভারত শ্রেষ্ঠ ভারত' উদ্যোগের অধীনে ষষ্ঠ পর্যায়ের 'যুব সঙ্গম'-এর আয়োজন করছে। যার উদ্দেশ্য হলো দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের যুবকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ সুদৃঢ় করা এবং সাংস্কৃতিক সংহতি বৃদ্ধি করা। 'যুব সঙ্গম পর্যায় ৬'-এর অধীনে দেশের বিভিন্ন প্রান্তের যুব অংশগ্রহণকারীরা জীবনযাত্রা, উন্নয়ন, সংস্কৃতি, ঐতিহ্য, শিক্ষা, পর্যটন, উদ্ভাবন এবং সর্বোত্তম প্রয়াস বা অভিজ্ঞতার বিভিন্ন দিক প্রত্যক্ষ করতে সহযোগী রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি পরিভ্রমণ করবেন। এই কর্মসূচির অঙ্গ হিসাবে হরিয়ানার এন.আই.টি কুরুক্ষেত্র থেকে একটি যুবা দল আগামী ২১শে মে থেকে ২৭শে মে পর্যন্ত

এন.আই.টি আগরতলায় অবস্থান করবেন। অনুরূপভাবে এন.আই.টি আগরতলা থেকে একটি যুবা দল হরিয়ানার এন.আই.টি কুরুক্ষেত্রে আগামী দোসরা জুন থেকে ৮ই জুন পর্যন্ত অবস্থান করবেন।

***************************

**Summer Camp-Postponed :**

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগামীকাল থেকে রাজ্যের সমস্ত বিদ্যালয়ে প্রস্তাবিত 'ভারতীয় ভাষা সামার ক্যাম্প' আপাততঃ স্থগিত রাখা হয়েছে। সরকারী ব্যয় কমানোর জন্য রাজ্য সরকার কর্তৃক গৃহীত ব্যয়সংকোচ ব্যবস্থার কারণেই এই ক্যাম্প স্থগিত রাখা হয়েছে। ক্যাম্পের সংশোধিত সময়সূচি পরবর্তী সময়ে জানানো হবে বলে বিদ্যালয় শিক্ষা দপ্তরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

***************************

**NEET-Scam :**

লাতুর-এর আর.সি.সি কোচিং ক্লাসের পরিচালক শিবরাজ মোতেগাঁওকরকে দেশব্যাপী নীট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস মামলায় গ্রেফতার করেছে সি.বি.আই। এই কথিত পরীক্ষা কেলেঙ্কারির তদন্তের অংশ হিসেবে সি.বি.আই গত শুক্রবার তাঁকে প্রায় ১১ ঘন্টা ধরে জিজ্ঞাসাবাদ করেছিল। পরে সিবিআই-এর একটি দল লাতুরে তাঁর কোচিং ইনস্টিটিউটে তল্লাশি চালায়, যেখান থেকে এই মামলার সঙ্গে যুক্ত বেশ কিছু গুরুত্বপূর্ণ নথিপত্র, কম্পিউটার এবং মোবাইল ফোন বাজেয়াপ্ত করেছে।

***************************

**Jan Bhagidari Abhiyan :**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে জনজাতীয় গরিমা উৎসব ২০২৬ উপলক্ষে প্রধানমন্ত্রী জন ভাগীদারী অভিযান "সবসে দূর সবসে পেহেলে" আজ থেকে শুরু হয়েছে। এই অভিযানের অঙ্গ হিসাবে আগামী ২৫শে মে পর্যন্ত খোয়াই

জেলার ৪১টি গ্রামে ব্যাপক সরকারি পরিষেবা ও সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। 'সবসে দূর সবসে পেহেলে' এই শ্লোগানকে সামনে রেখে খোয়াই জেলা প্রশাসনের লক্ষ্য হল প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর কাছে উন্নয়নের সুফল পৌঁছে দেওয়া এবং জনজাতি সম্প্রদায়ের সামাজিক অর্থনৈতিক ভিতকে আরোও শক্তিশালী করা।

এদিকে, সিপাহীজলা জেলাতেও আজ থেকে এই অভিযান শুরু হয়েছে। সিপাহীজলা জেলায় ২১শে মে থেকে ২৩শে মে পর্যন্ত হবে জনসুনওয়াই কর্মসূচি। এই জনসুনওয়াইয়ে স্থানীয় জনগণ তাদের প্রয়োজনীয় বিভিন্ন প্রশাসনিক পরিসেবা পাবার জন্য আবেদন জানাতে পারবেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গাহর স্টোর আজ অসলোতে সীমিত এবং প্রতিনিধি-পর্যায়ের বৈঠক করেন। দুই নেতা

ভারত-নরওয়ে সম্পর্ককে একটি 'গ্রিন স্ট্র্যাটেজিক পার্টনারশিপ-এ উন্নীত করতে সম্মত হয়েছেন, যা পরিচ্ছন্ন জ্বালানি, নীল অর্থনীতি এবং সবুজ রূপান্তরের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

বৈঠক চলাকালীন, দুই নেতাই দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে পর্যালোচনা করেন এবং বাণিজ্য ও বিনিয়োগ, নীল ইকোনমি, বৃত্তাকার অর্থনীতি, নবীকরনযোগ্য শক্তি, শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, মহাকাশ এবং আর্কটিক অঞ্চলসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করতে সম্মত হন। পরে যৌথ সাংবাদিক সম্মেলনে উভয় নেতাই ভারত-ইএফটিএ বাণিজ্য ও অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তির ফলে বানিজ্য, প্রযুক্তিগত সহযোগিতা এবং কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে তৈরি হওয়া বিপুল সুযোগের কথা উল্লেখ করেন।

#######Byte-PM######

*****************************

**Petrol :**

সারা রাজ্যে পেট্রোল, ডিজেল এবং এল.পি.জি সহ সমস্ত প্রয়োজনীয় পেট্রোলিয়াম পণ্যের সরবরাহ বর্তমানে সম্পূর্ণ স্বাভাবিক ও নিরবচ্ছিন্ন রয়েছে। অয়েল ইন্ডাস্ট্রির, ত্রিপুরার স্টেট লেভেল কো-অর্ডিনেটর, আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, গৃহস্থালি গ্রাহকদের জন্য এল.পি.জি সরবরাহকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে এবং রাজ্যজুড়ে এলপিজি পরিষেবাও স্বাভাবিক রয়েছে। তিনি আতঙ্কিত হয়ে অতিরিক্ত জ্বালানি কেনা থেকে বিরত থাকার জন্য সবার প্রতি আবেদন জানিয়েছেন।

**************************

**Package Story-PMMSY :**

শৃঙ্খলা, কঠোর পরিশ্রম এবং সরকারি সহায়তাকে সঙ্গী করে সমবায়ের মাধ্যমে মৎস্য চাষে সাফল্যের মুখ দেখছেন সিপাহীজলা জেলার মেলাঘরের পদ্মঢেপা এলাকার বহু মৎস্যজীবী পরিবার। আত্মনির্ভরতার পাশাপাশি

রাজ্যের মাছের চাহিদা পূরণেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে মেলাঘর মৎস্যজীবী সমবায় সমিতি। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

***************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

***************************

**Journalist Expired :**

বরিষ্ঠ সাংবাদিক প্রদীপ চক্রবর্তী গতকাল শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি এক পুত্র, এক কন্যা, স্ত্রী সহ বহু গুণমুগ্ধ রেখে গেছেন। তার মৃত্যুতে আগরতলা প্রেসক্লাব সহ বিভিন্ন সাংবাদিক সংগঠন শোক জ্ঞাপন করেছে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, খোয়াই জেলা ও সিপাহীজলা জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার

বেগে ঝড়ো হাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি সবকটি জেলায় ভারী বৃষ্টিপাত সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়ার সম্ভাবনা রয়েছে।

****************************